



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৪৭

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতা নেওয়ার পর এসএমই কার্যক্রম গতিশীল হয়েছে

- রাসিক মেয়র

রাজশাহী, ২৮ পৌষ (১২ জানুয়ারি):

রাজশাহী সিটি করপোরেশনের (রাসিক) মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতা নেওয়ার পর এসএমই কার্যক্রম গতিশীল হয়েছে। আগে এসএমই কার্যক্রমের আওতায় শুধু ব্লক-বাটিকের কাজ হতো, এখন এর সঙ্গে কারিগরি কাজগুলো সম্পৃক্ত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১২ জানুয়ারি) ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশনের আয়োজনে নগর ভবনের গ্রিন প্লাজায় বিভাগীয় এসএমই পণ্যমেলা-২০২৩ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, এখন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তারা বিভিন্ন ধরনের পণ্য যেমন- চামড়ার ব্যাগ, জুতো, জ্যাকেট ইত্যাদি সুনামের সঙ্গে বাজারজাত করছে। ইতিমধ্যে তাদের অনেক পণ্য বিদেশেও রপ্তানি হচ্ছে। প্রতিনিয়ত খাদ্যপণ্যসহ নতুন নতুন পণ্য তাদের উৎপাদন তালিকায় যুক্ত হচ্ছে, যার ফলে অর্থনীতিতে একটি নতুন প্রবাহ তৈরি হয়েছে।

চীন ও জাপানের এসএমই খাতে উন্নয়ন তুলে ধরে রাসিক মেয়র বলেন, চীন ও জাপানের মানুষ নিজেরা বাড়িতে ছোট ছোট বিভিন্ন রকমের কারখানা করে নানা ধরনের পণ্য উৎপাদন করে সফলতা লাভ করেছে। আমাদেরও চেষ্টা করতে হবে। আমাদের দেশে এমন অনেক পণ্য আছে, যেগুলো অনেক সম্ভাবনাময়। আমাদেরকে সম্ভাবনাময় পণ্যগুলো খুঁজে বের করে বাণিজ্যিকভাবে উৎপাদন করতে হবে। এর মাধ্যমে দেশের অর্থনীতিও সমৃদ্ধ হবে, বেকারত্বও লাঘব হবে।

খায়রুজ্জামান লিটন বলেন, ঢাকার জিনজিরা, ধোলাইখাল এবং যশোরের নোয়া পাড়ায় অনেক মূল্যবান পণ্য তৈরি হয়, যেগুলো দেশে বাজারজাতকরণের পাশাপাশি বিদেশে রপ্তানি হয়। এর ফলে আমরা বৈদেশিক মুদ্রা অর্জন করে লাভবান হচ্ছি। রাজশাহীর চারঘাটের কালুহাটি গ্রামে জুতা-স্যাম্পেল তৈরি করে অনেক মানুষ স্বাবলম্বী হচ্ছে। কালুহাটিতে হাত দিয়ে জুতা তৈরি করা হয়, যা বিদেশিরা ব্যাপক দাম দিয়ে কিনে থাকে- এ শিল্পকে সটিকভাবে কাজে লাগানো গেলে ভবিষ্যতে এ খাত অর্থনৈতিক উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখবে।

রাসিক মেয়র বলেন, এসএমই উদ্যোক্তারা তাদের উৎপাদিত পণ্য কোথায় বিক্রয় করবে সেজন্য বিক্রয় সেন্টার বা শো-রুম করতে হবে। এ সময় রাসিক মেয়র সরকারি নিয়ম মেনে নগর ভবনের একটি ফ্লোর এসএমই'র ডিসপেন্স সেন্টার হিসেবে দেয়ার আশ্বাস দেন।

এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন রাজশাহী রেঞ্জের ডিআইজি মোঃ আব্দুল বাতেন, আরএমপি'র কমিশনার মোঃ আনিসুর রহমান, স্থানীয় সরকার বিভাগের পরিচালক মোঃ এনামুল হক, অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও ব্যবস্থাপনা) আনিসুল ইসলাম ও রাজশাহী চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি মাসুদুর রহমান রিংকু।

এর আগে অনুষ্ঠানের শুরুতে সিটি মেয়র ফিতা কেটে ও বেলুন উড়িয়ে এসএমই পণ্যমেলা-২০২৩ এর শুভ উদ্বোধন করেন। অনুষ্ঠান শেষে মেয়র মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২৩/১৬:০০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী - ০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd